



INDEPENDENT

(http://independent24.com/)

<https://twitter.com/Independent24tv> <https://www.facebook.com/independent24tv-141195262639627><https://www.youtube.com/independent24tube>

শিরোনাম কমলাপুর থেকে নির্ধারিত সময়ে ছাড়ছে ট্রেন (details/16435)

প্রচ্ছদ (http://independent24.com/) / বিজ্ঞান ও প্রযুক্তি (http://independent24.com/Science-and-Technology/9/বিজ্ঞান ও প্রযুক্তি)

সময় প্রকাশনের উদ্যোগে তিনটি ওয়েবসাইট চালু

আপডেটঃ অগাস্ট ২০, ২০১৭ ২৩:৪৯



পাবলিশার্স ই প্ল্যাটফর্ম

লেখক-প্রকাশকদের তথ্য, প্রকাশিত বইয়ের তথ্যাবলী এখন ইন্টারনেটে পাওয়া যাবে এক ক্লিকেই। প্রকাশনা সংস্থা সময় প্রকাশনের তত্ত্বাবধানে তৈরি তিনটি ওয়েবসাইট নিয়ে পাবলিশার্স ই প্ল্যাটফর্মটি পরিচালনা ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে ঢাকা ভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান সময় নেট ও মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান আলফা নেট।

শনিবার রাজধানীর একটি হোটেলে উদ্বোধন করা হয় পাবলিশার্স ডট কম ডট বিডি, অথরস ডট কম ডট বিডি এবং বুকস ডট কম ডট বিডি। দেশের দেড়শো প্রকাশনা সংস্থা, দেড় হাজার লেখক ও আড়াই হাজার সৃজনশীল বইয়ের তথ্য নিয়ে যাত্রা শুরু করলো এই ওয়েবসাইটগুলো।

লেখক ও প্রকাশনা সংস্থার পরিচিতি, বইয়ের প্রচ্ছদের ছবি ও বইয়ের পরিচিতি পাওয়া যাবে এই ওয়েবসাইট তিনটিতে। এই প্ল্যাটফর্মকে দেশের সর্ববৃহৎ ডিজিটাল আর্কাইভে পরিণত করার আশা প্রকাশ করেছে উদ্যোক্তারা।

পাঠকের মন্তব্য

0 Comments

Sort by Oldest



Add a comment...

Facebook Comments Plugin